

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.১৫১৬


তারিখ: ১২ আগস্ট, ২০২৫ খ্রি.

বিষয়: সতর্কীকরণ

সূত্র: অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০১.০০৪.২১.৫৪২ তারিখ: ০৩/০৭/২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণসহ হস্তমজুদ ও আত্মসাৎ প্রতিরোধের লক্ষ্যে প্রত্যেক উপজেলা হতে প্রতি মাসে ০৬ টি সমিতির পাশবহি সরেজমিনে যাচাই করে প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। সূত্রোক্ত স্মারকের পত্রে প্রতি মাসে একই সমিতির পাশবহি অডিটের আওতায় না এনে পর্যায়ক্রমে উপজেলার সকল সমিতির পাশবহি অডিট সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করা হয়। সংযুক্ত তালিকায় উল্লেখিত উপজেলাগুলো প্রদত্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে একই সমিতি বার বার অডিটের আওতায় এনেছেন, যা কর্তৃপক্ষের বৈধ নির্দেশনা অমান্যের সামিল। এতে করে সমিতি পর্যায়ে আত্মসাৎ ও হস্তমজুদ প্রবণতা বৃদ্ধি পাওয়ার ঝুঁকি তৈরী হচ্ছে।

এমতাবস্থায়, কর্তৃপক্ষের বৈধ নির্দেশনা অমান্য, দায়িত্ব অবহেলা ও ইচ্ছাকৃতভাবে ঋণ কার্যক্রম ঝুঁকিতে ফেলার জন্য সংযুক্ত তালিকায় উল্লেখিত উপজেলা সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও হিসাব সহকারীদের সতর্ক করা হলো। পরবর্তীতে অনুরূপ ঘটনা পুনরায় সংঘটিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন: ০২-৮১৮০১৪৪  
[iresppwad@gmail.com](mailto:iresppwad@gmail.com)

সহকারী পল্লী উন্নয়ন অফিসার/ হিসাব সহকারী  
ইরেসপো, বিআরডিবি  
উপজেলা....., জেলা..... (তালিকাভুক্ত উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. উপপ্রকল্প পরিচালক ইরেসপো, বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি, ..... (সংশ্লিষ্ট জেলা);
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ);
৪. সংশ্লিষ্ট উপজেলার ঋণ কার্যক্রম তদারকির দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা;
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৬. পরিচালক (পরিকল্পনা/সরেজিমিন) মহোদয়ের একান্ত সহকারী
৭. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, ..... (সংশ্লিষ্ট উপজেলা);
৮. অফিস নথি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

উপজেলাসমূহের তালিকা

ক্রমিক নং	জেলা	উপজেলা	মন্তব্য
১.	যশোর	ঝিকরগাছা	
২.		শার্শা	
৩.	নড়াইল	নড়াইল সদর	
৪.		কালিয়া	
৫.		লোহাগড়া	
৬.	খুলনা	কয়রা	
৭.	পটুয়াখালী	দুমকী	
৮.	সাতক্ষীরা	সাতক্ষীরা সদর	
৯.	মাগুরা	শালিখা	
১০.	পিরোজপুর	কাউখালী	
১১.	রংপুর	কাউনিয়া	

